



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
প্রকিউরমেন্ট শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১১১.৯৯.০৩২.০৮.৫৩

বিষয়: ২০২১-২১, ২০২১-২২ এবং ২০২২-২৩ মৌসুমের তুলাবীজ (নন-সীড) সরবরাহ নেওয়ার নিমিত্তে বীজের মূল্য বাবদ অর্থ জমা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তুলা উন্নয়ন বোর্ড, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা এর ০৯/০১/২০২৪ খ্রিঃ তারিখের স্মারক নং- ১২.০৭.০০০০.১১১.৯৯.০৩২.০৮.৩ এর মাধ্যমে জারীকৃত দরপত্র বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত দরপত্র সমূহের মধ্যে গত ২৩/০১/২০২৪ খ্রিঃ তারিখে আপনার প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্রে উদ্ধৃত নিম্নবর্ণিত দর সর্বোচ্চ হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। সে মোতাবেক আপনার প্রতিষ্ঠানের নিকট অত্র বোর্ডের ২০২০-২১, ২০২১-২২ এবং ২০২২-২৩ মৌসুমের তুলাবীজ (নন-সীড) বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যার কেন্দ্রীয় বিবরণ/পরিমাণ নিম্নরূপঃ

ক্র. নং	তুলাবীজ মজুদ কেন্দ্রের নাম	২০২০-২১ মৌসুমের মজুদ সমভূমি জাতের তুলাবীজের (নন-সীড) পরিমাণ (কেজি)			২০২১-২২ মৌসুমের মজুদ সমভূমি জাতের তুলাবীজের (নন-সীড) পরিমাণ (কেজি)			২০২২-২৩ মৌসুমের মজুদ সমভূমি জাতের তুলাবীজের (নন-সীড) পরিমাণ (কেজি)		
		পরিমাণ (কেজি)	একক মূল্য	মোট মূল্য	পরিমাণ (কেজি)	একক মূল্য	মোট মূল্য	পরিমাণ (কেজি)	একক মূল্য	মোট মূল্য
১	পাহাড়ি তুলা গবেষণা কেন্দ্র, বালাঘাটা, বান্দরবান	-			৩৫০.০০			৩৪৫.০০		
২	পাহাড়ি তুলা গবেষণা উপ-কেন্দ্র, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।	-			১২৫.০০			-		
৩	তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর	৯৮৫.৭৮	১৩.২৫	১০৫১০৫.১০	৩৬৫৩.০০	১৪.২৫	১৬২২৪৮.৯৩	২০২৪.০০	১৫.১০	১৬৭৬১৪.০৮
৪	তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, সদরপুর, দিনাজপুর	৬৭০.০০			১৭৩১.৮০			৪০১৪.৬০		
৫	তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, জগদীশপুর, যশোর	৩,১০৮.০০			২০১২.৫০			৩৬৮৯.০০		
৬	তুলা গবেষণা কেন্দ্র, মাহিগঞ্জ, রংপুর	৩,১৬৮.৬৮			৩৫১৩.৫৯			১০২৭.৬৭		
মোট =		৭,৯৩২.৪৬			১১,৩৮৫.৮৯			১১,১০০.২৭		
সর্বমোট মূল্য টাকা=		১০৫১০৫.১০ + ১৬২২৪৮.৯৩ + ১৬৭৬১৪.০৮ = ৪৩৪৯৬৮.১১								

অতএব, উপরোক্ত কেন্দ্র সমূহের বিপরীতে উল্লিখিত পরিমাণ তুলাবীজ (নন-সীড) এর সমুদয় মূল্য বাবদ টাকা = ৪৩৪৯৬৮.১১ এবং সরকার নির্ধারিত ১০% উৎসে কর বাবদ টাকা = ৪৩৪৯৬.৮১ ও ৭.৫০% ভ্যাট বাবদ টাকা = ৩২৬২২.৬১ সহ সর্বমোট টাকা = ৫,১১,০৮৭.৫৩ (পাঁচ লক্ষ এগার হাজার সাতাশি টাকা তিন্লান পয়সা) মাত্র নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ব্যাংক -

ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পত্র প্রাপ্তির তারিখ হতে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে অত্র দপ্তরে জমা দিয়ে তুলাবীজ সরবরাহ নেওয়ার কার্যাদেশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে উল্লিখিত অর্থ জমা দিতে ব্যর্থ হলে দরপত্র বাতিলসহ আপনার জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।

উল্লেখ্য যে, কার্যাদেশ গ্রহণের পূর্বে তুলাবীজ সরবরাহ গ্রহণকারী মনোনীত প্রতিনিধির স্বাক্ষর সত্যায়িত করে লিখিত মনোনয়নপত্র অত্র দপ্তরে দাখিল করতে হবে।



২০-০২-২০২৪

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

আব্দুল্লাহ জিনিং ফ্যাক্টরী, প্রোঃ মোঃ আনোয়ার হোসেন, ১৭৫, নূরুদ্দীন আহমেদ সড়ক, উত্তর লাহিনী বটতলা, কুষ্টিয়া।

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১১১.৯৯.০৩২.০৮.৫৩/১ (৪)

৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সীড প্রোডাকশন অফিসার, মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
- ২। তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
- ৩। হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড এবং
- ৪। স্টোর কাম ফিল্ডম্যান, মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড।



২০-০২-২০২৪

সাবিহা রোকসানা
তুলা উন্নয়ন কর্মকর্তা